

## কোটসমূহের সাক্ষাৎকার সংক্রান্ত নোটিশ

তারিখঃ ১৫/০১/২০২২

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা কোটা (FFQ), প্রতিবন্ধী কোটা (PDQ) ও ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটা (SEQ) - এর আবেদনকারীদের সাক্ষাৎকার নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী বিশ্ববিদ্যালয় (মেলান্দহ, জামালপুর)-এর প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত হবে।

কোটা	সাক্ষাৎকারের তারিখ ও সময়	স্থান
মুক্তিযোদ্ধা কোটা (FFQ)	১৯/০১/২০২২ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা	বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন
প্রতিবন্ধী কোটা (PDQ)	২০/০১/২০২২ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা	বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন
ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটা (SEQ)	২০/০১/২০২২ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা	বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন

সাক্ষাৎকারের জন্য GST-এর মেধাক্রমের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের তালিকা <https://bsfmstu.ac.bd/admission-এ> প্রকাশিত। নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ প্রার্থী নিজে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে।

- ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
- এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান-এর মূল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বরপত্র।
- এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।

অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি থাকার কারণে মূল কাগজপত্র সংগে আনতে না পারলে উল্লেখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপিসহ সেই প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণাদি (ভর্তি ফি জমার মূল রশিদ, মূল ভর্তি ফরম ইত্যাদি) উপস্থাপন করতে হবে। তবে ভর্তির জন্য নির্বাচিত হলে মূল কাগজপত্র জমা দেওয়া ব্যতীত ভর্তি সম্পন্ন হবে না।

**FFQ-এর ক্ষেত্রেঃ** মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের [mis.molwa.gov.bd](http://mis.molwa.gov.bd) ওয়েবসাইট থেকে বিস্তারিত তথ্যের ডাউনলোডকৃত কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্রের কপি সংগে রাখতে হবে। নাতি/নাতনি প্রমাণের জন্য দাদা/দাদী, নানা/নানী ও বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র প্রয়োজন হবে। পরিচয়পত্রে সংশ্লিষ্ট নামের উল্লেখ না থাকলে নাতি-নাতনি প্রমাণের জন্য স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রত্যয়নপত্র সংগে আনতে হবে।

**PDQ-এর ক্ষেত্রেঃ** সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধীর সনদপত্রসহ সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে।

**SEQ-এর ক্ষেত্রেঃ** ক্ষুদ্র নৃগোষ্ঠী হিসাবে গোত্র প্রধানের প্রত্যয়নপত্র/প্রমাণপত্রসহ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রত্যয়নপত্র/প্রমাণপত্র সাক্ষাৎকারে উপস্থাপন করতে হবে।

### বিশেষ দ্রষ্টব্যঃ

সাক্ষাৎকারে উপস্থিত না হলে ভর্তির জন্য বিবেচিত হবে না। অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে।

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
মেলান্দহ, জামালপুর।